দৈনিক ইনকিলাব

76

তারিখ FEB 23 1999
পৃষ্ঠা ৭ কলাম ৬

## মাদ্রাসা শিক্ষা নিয়ে ষড়যন্ত্র কেন?

বাংলাদেশে প্রায় ১০ কোটি মুসলমানের বসবাস। তাই বাংলাদেশে ইসলামী শিক্ষা ব্যবস্থার কাঠামো সুদৃঢ় হওয়া উচিত। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয়, সুদৃঢ় তো দূরের কথা বরং ইসলামী শিক্ষা ব্যবস্থাকে সমূলে ধংসের জন্য ষড়যন্ত্রের জাল বোনা হচ্ছে চর্তুদিক থেকে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অবহেলা ও অমনোযোগিতা আজ সুস্পষ্ট। নতুবা এমনটা হল কেন? মাদ্রাসা ও স্কুলের প্রাথমিক বিদ্যালয়ের পরীক্ষা প্রায় একই সময়ে সমাপ্ত হল এবং প্রাথমিক বিদ্যালয়ে ঈদের পূর্বে বই বিতরণ করা হল ও ঈদের পর থেকে নিয়মিত পড়ালেখা শুরু হল। কিন্তু মাদ্রাসার এবতেদায়ী শ্রেণীর বইয়ের আজ পর্যন্ত কোন হদিস নেই। অনেক ছেলে স্কুল থেকে মাদ্রাসায় ভর্তি হতে এসে বইয়ের জন্য তীর্থের কাকের মত দিনের পর দিন অপেক্ষা করে পুনরায় স্কুলে চলে যাচ্ছে। মাদ্রাসা শিক্ষা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট জানতে চাই, মাদ্রাসা শিক্ষার প্রতি এহেন অবহেলা কেন? এটা কি ব্রাহ্মণ্যবাদী বুদ্ধিজীবীদের সুরে সুর মিলিয়ে ইসলামী শিক্ষাকে সমূলে ধ্বংস করার কুমতলবের অংশ ? আর যদি তা নাই হয়, তাহলে মাদ্রাসা শিক্ষা বোর্ড ও শিক্ষা মন্ত্রণালয়ের কর্মকর্তাদের অনুরোধ করছি, মাদ্রাসা শিক্ষার প্রতি বেপরোয়া মনোভাব পরিহার করে অচিরেই এবতেদায়ী ১ম শ্রেণী থেকে ৫ম শ্রেণী পর্যন্ত সকল শ্রেণীর বই প্রকাশ করে রীতিমত ক্লাস চালু করুন এবং মাদ্রাসা শিক্ষার সকল ক্ষেত্রে উন্নতি ও অগ্রগতির লক্ষ্যে সুষ্ঠ ব্যবস্থা গ্রহণে এগিয়ে আসুন।

—মোঃ হাবীবুল্লা,
আরবী বিভাগ,
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।